গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, চাটখিল,
নোয়াখালী
http://doict.chatkhil.noakhali.gov.bd/

চাটখিল উপজেলার আইসিটি কমিটির আগস্ট/২০২০ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো. দিদারুল আলম<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ১০ আগস্ট , ২০২০ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | সকাল ১১:৩0 ঘটিকা |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রচার, প্রসার ও ব্যবহারের গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচী পেশ করার জন্য সহকারী প্রোগ্রামার (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর)কে অনুরোধ করেন। অতঃপর সহকারী প্রোগ্রামার(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর) চাটখিল উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে আলোচনা শুরু করেন।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সকল দপ্তরের পোর্টাল হালনাগাদের সামগ্রিক চিত্র সভায় বিস্তারিত দেখানো হয়। প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্বাবধানে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য বাতায়নে হালনাগাদ করতে হবে বলে সভায় সিদ্ধান্ত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০২ | ই-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলার সকল সরকারী দপ্তরে লাল ফিতার দৌরাত্ম্য রোধে, সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ডিজিটাল গভর্নেন্স প্রতিষ্ঠায় ই-নথির কার্যক্রম অনতিবিলম্বে শুরু করা দরকার বলে সভায় সবাই একমত পোষণ করেন। এর পাশাপাশি করোনা সংক্রমণরোধে অনলাইনে ফাইল আদানপ্রদানের ব্যাপারেও ই-নথি এর গুরুত্ব নিয়ে আলোকপাত করা হয়। চাটখিল উপজেলার ই-নথিতে লাইভ অফিসসমূহের তালিকা সভায় উপস্থাপিত হয়। ১৬টি ট্রেনিং আইডি অফিসারদের মাঝে অতি সত্বর প্রেরণের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>যে সকল অফিসসমূহের লাইভ আইডি রয়েছে, সেই সকল অফিস সমূহে শতভাগ দাপ্তরিক কার্যক্রম ই-নথি ব্যবহারের মাধ্যমে সম্পাদনের নির্দেশনা দেওয়া হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের তত্বাবধানে উক্ত দপ্তর এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি | উপজেলায় (১২) বারোটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। সভায় উক্ত ল্যাবগুলোর সার্বক্ষনিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়।<br>করোনাকালীন সময়ে ল্যাবসমূহের যথাযথ দেখভাল এবং পরিচালনা সংক্রান্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনার ব্যাপারে সভায় উপস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদেরকে অবহিত করা হয়। ল্যাব সমূহ ব্যবহারের মাধ্যমে অনলাইন ক্লাস পরিচালনার ব্যাপারেও সভায় তাগিদ প্রদন করা হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৪ | PoP(Point of Presence) তদারকি ও ব্যবহার | সভায় চাটখিল উপজেলার প্রতিটি ইউনিয়নে স্থাপিত PoP সমূহের সার্বক্ষনিক পর্যবেক্ষণ, নিরাপত্তা ও ব্যবহার বৃদ্ধি এবং ইনফো-সরকার-৩ প্রকল্পানুসারে PoP সমূহের সেবা বেসরকারী আইএসপি কোম্পানির নিকট বিক্রির মাধ্যমে উপার্জনের জন্য করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়।<br>এছাড়াও প্রতি মাসে PoP সমূহে সার্বক্ষণিক পরিদর্শন ও পর্যবেক্ষন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | বাস্তবায়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ও সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৫ | কোভিড-১৯ট্র্যাকার অ্যাপ | সভায় আইসিটি বিভাগের উদ্যোগে নির্মিত কোভিড-১৯ট্র্যাকার অ্যাপ সম্পর্কে উপস্থিতিদের অবহিত করা হয়। অ্যাপ এর মাধ্যমে কি ধরণের সেবা পাওয়া সম্ভব এবং কিভাবে ব্যবহার করা যায়, সেটি নিয়ে আলোকপাত করা হয়। উপস্থিতি সকলকে এই অ্যাপ ব্যবহার করার ব্যাপারে নির্দেশনা দেওয়া হয়। | সংশ্লিষ্ট সকলে |
| ০৬ | অনলাইন ক্লাস পরিচালনা ও সংসদ বাংলাদেশ টেলিভিশন | করোনাকালীন পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ কিভাবে অনলাইন ক্লাস পরিচালনা করতে পারে, সেই বিষয়ে সভায় আলোচনা হয়। উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ইতোমধ্যে তাঁদের অনলাইন ক্লাস কার্যক্রম শুরু করেছে বলে সভায় সকলকে অবহিত করে। এই নিমিত্তে তারা ফেসবুক প্লাটফর্ম, জুম অ্যাপ এর মাধ্যমে তাঁদের অনলাইনের ক্লাসের কার্যক্রম সচল রেখে বলে সভায় অবহিত করেন। সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত ক্লাসসমূহ দেখার জন্য শিক্ষার্থীদের উৎসাহিত করার ব্যাপারে শিক্ষকদেরকে নির্দেশনা প্রদান করা হয়।<br>যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এখনো অনলাইন ক্লাস সক্রিয়ভাবে শুরু করতে সক্ষম হয় নি, সেই সকল প্রতিষ্ঠান প্রধানকে অনলাইন ক্লাস পরিচালনা করার ব্যাপারে নির্দেশনা প্রদান করা হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ০৭ | অন্যান্য | এর পাশাপাশি CAMS(Central Aid Management System) এর সর্বশেষ হালনাগাদ তথ্য সভায় উপস্থাপিত হয়। এ যাবত আপলোডকৃত তালিকার ভিতর কতজন টাকা পেয়েছেন, কি কি মাধ্যমে টাকা পেতে পারেন, সেটি নিয়ে আলোচনা হয়। টেলিমেডিসিন এর প্রয়োগ আরো জোরদারকরণে সভায় আলোচনা হয়। করোনাসংক্রান্ত জরুরী সকল অফিসিয়াল নির্দেশনা যাতে সহজে অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে জানা যায় সেজন্য ফেসবুকে উপজেলা প্রশাসনের একটি মেসেঞ্জার গ্রুপ রয়েছে। গ্রুপের সংশ্লিষ্ট সকলকে গ্রুপটিতে সক্রিয় থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকলে |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মো. দিদারুল আলম
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৫১০.০০০.১৬.০০২.২০.২ তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭

১০ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রাপকঃ আইসিটি কমিটি সংক্রান্ত তথ্যাদি



কাজী মঈনুল হোসেন

সহকারী প্রোগ্রামার